

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী
www.patuakhali.gov.bd

নম্বর ০৫.১০.৭৮৫৭.০০১.০৮.০০৯.২৩-৭০৭(১০০),

তারিখ : ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি:

-:বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার ১১(এগার)টি ইউনিয়নের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর ২৬ (ছাব্বিশ) টি শূন্য পদে লোকবল নিয়োগকল্পে বিগত ১৬ আগস্ট, ২০২৩ খ্রি: তারিখের ০৫.১০.৭৮৫৭. ০০১. ০৮. ০০৯.২৩-৫৫৭(১০০) নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এবং উক্ত বিজ্ঞপ্তিতে ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত আত্মহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হয়। কিন্তু অত্র উপজেলার ০৫(পাঁচ) টি ইউনিয়নের সচিবদের পদবিপূর্বক পদায়ন করার আদেশ জারি হওয়ায় কারিগরি ত্রুটির কারণে অনলাইন জন্ম নিবন্ধনের কার্যক্রম স্থগিত হয়ে যায়। ফলে আবেদনকারীগণ দরখাস্ত দাখিল করতে সমস্যার সম্মুখীন হন এবং সময় বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন।

এ অবস্থায়, অত্র উপজেলার ০৫টি ইউনিয়নের অনলাইন জন্ম নিবন্ধন কার্যক্রম সচল না থাকার কারণে ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: তারিখের পরিবর্তে ০৭(সাত) দিন সময় বৃদ্ধি করে আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সময় বর্ধিত করা হলো।


স্বাক্ষরিত/-

মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।

নম্বর ০৫.১০.৭৮৫৭.০০১.০৮.০০৯.২৩-৭০৭(১০০),

তারিখ : ০৭ আগস্ট, ২০২৩ খ্রি:

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। পুলিশ সুপার, পটুয়াখালী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গলাচিপা, পটুয়াখালী।
- ৪। উপজেলা..... অফিসার (সকল), গলাচিপা, পটুয়াখালী। অত্র বিজ্ঞপ্তি অফিস নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের ব্যবস্থা নিতে তাঁকে অনুরোধ করা হলো।
- ৫। অফিসার ইনচার্জ, গলাচিপা থানা।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, গলাচিপা, পটুয়াখালী। অত্র বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ (সকল), গলাচিপা, পটুয়াখালী। অত্র বিজ্ঞপ্তি তার ইউনিয়নের গুরুত্বপূর্ণ হাট/বাজারে মাইকযোগে প্রচার করার অনুরোধ করা হলো।


মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।